

“ছেলে হোক মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.১৫২.২১.০০১.২২- ৭৬৯৬

তারিখ : ৩০ আগস্ট, ১৪২৯
২৫ ডিসেম্বর, ২০২২

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তাদের গোপনীয় অনুবেদন (সিআর)/প্রশ্নে সারি রিপোর্ট দাখিল।

লক্ষ্য করা যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কোন কোন কর্মকর্তা সিআর দাখিল, অনুস্বাক্ষর এবং প্রতিস্বাক্ষর করার ক্ষেত্রে অনুশাসনমালার বিধানসমূহ যথাযথ অনুসরণ করছেন না। ফলে কর্মকর্তাদের পদোন্নতি, স্থায়ীকরণ, উচ্চতর গ্রেড প্রাপ্তিসহ অনেক ক্ষেত্রেই সংশ্লিষ্ট কর্মকর্তা ক্ষতিগ্রস্ত হচ্ছেন, যা কাম্য নয়। এমতাবস্থায়, গোপনীয় অনুবেদন (সিআর) অনুশাসনমালা ২০২০ যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিআর শাখায় প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার অগ্রায়ণপত্রের মাধ্যমে সীলগালাকৃত অবস্থায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী গোপনীয় অনুবেদন (সিআর) দাখিল করতে হবে :

অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্য প্রতিবেদনসহ পূরণকৃত সিআর ফরম যথাযথ অনুবেদনকারীর নিকট দাখিলের শেষ তারিখ	৩১ জানুয়ারি
অনুবেদনকারী কর্তৃক সিআর ফরম যথানিয়মে অনুস্বাক্ষরপূর্বক সীলগালাকৃত খামে গোপনীয়তা নিশ্চিত করে অগ্রায়ণপত্রসহ প্রতিস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের শেষ তারিখ	২৮ ফেব্রুয়ারি
প্রতিস্বাক্ষরকারী কর্তৃক যথানিয়মে প্রতিস্বাক্ষর সম্পন্ন করে সীলগালাকৃত খামে গোপনীয়তা নিশ্চিত করে অগ্রায়ণপত্রসহ ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রেরণের শেষ তারিখ	৩১ মার্চ

(৩) অনুবেদনাধীন, অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী প্রত্যেক কর্মকর্তাকে সিআর ফরমে তাঁর জন্য নির্ধারিত অংশ যথাযথভাবে পূরণ করে স্বাক্ষর, সীল প্রদান ও প্রযোজ্য ক্ষেত্রে প্রাক্তন পদবি, কর্মস্থল ও তারিখ আবশ্যিকভাবে লিপিবদ্ধ করতে হবে। কোন কলাম ফাঁকা রাখা যাবে না। সিআর এর মেয়াদ ও ১১ নং কলাম কাটাছেঁড়াবিহীন এবং সঠিকভাবে পূরণ করতে হবে। উল্লেখ্য, অসম্পূর্ণ সিআর সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৪) আংশিক গোপনীয় অনুবেদন প্রযোজ্য হওয়ার ক্ষেত্রে উক্ত বছরের জন্য নির্ধারিত সময়সহ সংশ্লিষ্ট পঞ্জিকা বছরের যে-কোন সময় অনুবেদনকারী কর্মকর্তা তা দাখিল করতে পারবেন।

(৫) ইচ্ছাকৃতভাবে গোপনীয় অনুবেদন দাখিল না করা কিংবা যথাযথ অনুবেদনকারীর নিকট গোপনীয় অনুবেদন দাখিল না করলে তা “অসদাচরণ” হিসাবে গণ্য হবে এবং অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী/ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(৬) ২০২২ সনের গোপনীয় অনুবেদন (সিআর) নির্ধারিত সময়ের পরে দাখিল, অনুস্বাক্ষরিত এবং প্রতিস্বাক্ষরিত ও ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌঁছালে উক্ত গোপনীয় অনুবেদন (সিআর) এর নম্বর ০(শূণ্য) বলে গণনা করা হবে।

সাহান আরা বানু, এনডিসি
মহাপরিচালক (গ্রেড-১)

ফোন : ৫৫০১২৩৪১
ইমেইল: dg@dgfp.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক/লাইনডাইরেটর (সকল)----- ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল)----- বিভাগ।

চলমান পাতা-০২

৩. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর/এমএফএসটিসি, মোহাম্মদপুর/ এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যগার, মহাখালী, ঢাকা।
৫. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল)----- জেলা।
৬. ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল)----- জেলা।
৭. সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা/সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল)----- জেলা।
৮. অধ্যক্ষ, এফডব্লিউটিআই, আজিমপুর, ঢাকা।
৯. মেডিকেল অফিসার (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল)----- জেলা।
১০. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল) ----- উপজেলা----- জেলা।
১১. মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সকল) ----- জেলা।
১২. সহকারী সার্জন/মহিলা সহকারী সার্জন, এমসিএইচ ইউনিট, আরপিটিআই, রাজশাহী/ বরিশাল।

অনুলিপি (জ্ঞাতার্থে) :

১. সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

